

পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পাওয়ার জন্য প্রয়োজনীয় তথ্যাবলী :

চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ এর আওতাধীন চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার অভ্যন্তরে অবস্থানরত নাগরিকগণকে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পাওয়ার জন্য নিম্নলিখিত কাগজপত্র সহ চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ এর সিটি এসবি, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স, লালদিঘীর পাড়, চট্টগ্রাম এর ওয়ান স্টপ সার্ভিস সেন্টার এ আবেদন পত্র দাখিল করতে হবে।

১। বিশেষ পুলিশ সুপার, সিটি স্পেশাল ব্রাঞ্চ, সি.এম.পি. চট্টগ্রাম বরাবর আবেদনপত্র।

২। পাসপোর্টের ১-৫ পাতার সত্যায়িত ফটোকপি (এম.আর.পি পাসপোর্ট হলে শুধুমাত্র প্রথম পাতা) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৩। বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমাকৃত ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক চালানের মূল কপি। চালানের কোড নং-

১		২	২	০	১		০	০	০	১		২	৬	৮	১
---	--	---	---	---	---	--	---	---	---	---	--	---	---	---	---

৪। ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র- ০১ কপি।

৫। পাসপোর্ট সাইজ ছবি- ০১ কপি।

৬। যারা বিদেশ অবস্থান করছেন তাদের পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পাওয়ার জন্য যে দেশে অবস্থান করছেন, সেই দেশের বাংলাদেশ দূতাবাস/হাই কমিশনের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক পাসপোর্টের ফটোকপি সত্যায়িত করে তার পক্ষে অত্রীয়/অনুমোদিত ব্যক্তি আবেদনপত্র দাখিল করতে পারবেন।

৭। মেশিন রিডেবল পাসপোর্টের ক্ষেত্রে যদি ঠিকানা উল্লেখ্য না থাকে সেই ক্ষেত্রে ঠিকানার প্রমাণ স্বরূপ জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র/স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর এর সনদপত্রের ফটোকপি ১ম শ্রেণীর সরকারী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।

৮। আবেদন পত্র জমা দেওয়ার পর অত্র অফিস হতে প্রাথমিকভাবে সিরিয়াল নম্বরসহ একটি টোকেন প্রদান করা হবে, উহাতে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদানের তারিখ থাকবে। সার্টিফিকেট গ্রহণের দিন উক্ত টোকেন জমা দিতে হবে।

৯। আবেদনপত্র জমা দেওয়ার ০৭ (সাত) দিন পর অত্র পুলিশ অফিস হতে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রদান করা হবে।

১০। বাংলাদেশে বসবাস/কর্মরত বিদেশী নাগরিক/বিদেশী পাসপোর্ট-ধারী ব্যক্তিগণ উপরোক্ত প্রয়োজনীয় কাগজপত্র সহ নিজে অথবা অনুমোদিত ব্যক্তি দ্বারা আবেদনপত্র দাখিল করে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট সংগ্রহ করতে পারবেন।

বরাবর

বিশেষ পুলিশ সুপার

সিটি স্পেশাল ব্রাঞ্চ,

সিএমপি, চট্টগ্রাম।

বিষয় : পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পাওয়ার আবেদন।

জনাব,

নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী এই মর্মে আবেদন করিতেছি যে, আমি/আমার

..... পিতা/স্বামী

মাতা..... ঠিকানা.....

..... থানা সিএমপি। আমার পাসপোর্ট নং

ইস্যু তারিখ..... ইস্যুও স্থান.....। আমি/আমার

..... উদ্দেশ্যে..... দেশে গমন করিতে ইচ্ছুক। এমতাবস্থায়

আমার পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট একান্ত প্রয়োজন।

আমি যাতে উল্লিখিত পাসপোর্টের অনুকূলে পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট পেতে পারি তার সু-ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

নিবেদক

স্বাক্ষর

(পাসপোর্ট যে ভাবে আছে)

মোবাইল নং-

তারিখ-

সংযুক্ত :

১। পাসপোর্টে ১-৫ পাতার সত্যায়িত ফটোকপি

(এমআরপি হলে ১ম পাতা)।

২। ৫০০/- টাকার সোনালী/বাংলাদেশ ব্যাংক চালানোর মূল কপি।

৩। ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ০১ কপি।

৪। পাসপোর্ট সাইজ ছবি ০১ কপি।

বিঃদ্রঃ টিআর ফরমের মাধ্যমে ৫০০/- টাকা জমা দানের কোড নম্বর-১-২২০১-০০০১-২৬৮১।